

الْعَفْوُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৮২ তম নাম ‘الْعَفْوُ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْعَفْوُ’ শব্দের মূল و - ف - ع , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৩৫ বার এসেছে। ক্ষমা করেছেন, অতিরিক্ত, ক্ষমা, যিনি ক্ষমা করেন ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْعَفْوُ অর্থ: ‘তিনি ক্ষমাশীল, তিনি ক্ষমা করেন এবং ভুল দোষ-ত্রুটি সম্পূর্ণরূপে মুছে দিয়ে পাক-পবিত্র করে দেন’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

إِنَّ اللَّهَ كَانَ عَفْوًا غَفُورًا ﴿٤٣﴾

নিশ্চয়ই আল্লাহ অতীব পাপ মোচনকারী, পরম ক্ষমাশীল। (সূরা আন নিসা: আয়াত নং ৪৩)

إِلَّا الْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانَ لَا يَسْتَطِيعُونَ حِيلَةً وَلَا يَهْتَدُونَ سَبِيلًا ﴿٩٨﴾ فَأُولَٰئِكَ عَسَى اللَّهُ أَنْ يَعْفُوَ عَنْهُمْ وَكَانَ اللَّهُ عَفْوًا غَفُورًا ﴿٩٩﴾

তবে সে সব লোকেরা নয়, যে সব দুর্বল পুরুষ, নারী ও শিশুরা কোনো উপায় অবলম্বনের সামর্থ্য রাখে না এবং কোনো পথও খুঁজে পায় না। তারা সেসব লোক, শীঘ্রই আল্লাহ যাদের পাপ মুছে দেবেন, কারণ আল্লাহ পাপ মোচনকারী, ক্ষমাশীল। (সূরা আন নিসা: আয়াত নং ৯৮, ৯৯)

إِنْ تَبَدُّوا خَيْرًا أَوْ تَخَفُوهُ أَوْ تَعْفُوا عَنْ سُوءٍ فَإِنَّ اللَّهَ كَانَ عَفْوًا قَدِيرًا ﴿١٤٩﴾

তোমরা যদি কল্যাণের কাজ প্রকাশ করো, কিংবা তা গোপন করো, অথবা যদি দোষ ক্ষমা করে দাও, তবে জেনে রাখো, আল্লাহ পাপ ক্ষমাকারী, শক্তিমান। (সূরা আন নিসা: আয়াত নং ১৪৯)

তিরমিজি, আন নাসায়ী ও ইবনে মাজার হাদীস:

রাসূল সা: এর দোয়া:

اللَّهُمَّ إِنَّكَ عَفُؤٌ كَرِيمٌ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنِّي -

হে আল্লাহ, নিশ্চয়ই তুমি ক্ষমা করনেওয়ালো, তুমি ক্ষমা করতে ভালোবাসো, আমাদের ক্ষমা করে পাপ মোচন করে দাও।

সুতরাং ভাই ও বোনেরা দুনিয়ার জীবনে আমাদের দ্বারা পাপকাজ সংগঠিত হয়ে যায়। সাথে সাথেই আমাদের তাওবা করে সঠিক পথে ফিরে আসতে হবে এবং আল্লাহর কাছে ক্ষমা ও পাপ মোচনের দোয়া করতে হবে। ভবিষ্যতে এ ধরনের পাপ কাজে যেন আমরা নিয়োজিত না হই সে জন্যে সতর্ক থাকতে হবে।

আসুন আমরা আল্লাহর কাছে দোয়া করি হে আল্লাহ শিরকমুক্ত হয়ে দুনিয়ার জীবন যাপনের তৌফিক দান কর।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহ।